**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর**
www.jessoreboard.gov.bd

স্মারক: ক্রীড়া/পিই-৯/৬৮(২য় খন্ড)/৪৯(৫৯৫) তারিখ: ২৩-১০-২০১৯ খ্রি:

বিষয়: **২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) ও ভলিবল ( ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে**

আদিষ্ট হয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর উদ্যোগে ২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) ও ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতা শীঘ্রই অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক কলেজসমূহকে অত্রসাথ সংযুক্ত খেলোয়াড় নিবন্ধন ফরম পূরণ করে এবং পূরণকৃত ক্রীড়া নিবন্ধন ফরমে স্বাক্ষর সম্পাদনপূর্বক প্রতিযোগী/খেলোয়াড় তালিকাসহ কলেজ প্যাডে ফরোয়ার্ডিং এর মাধ্যমে আগামী ০৫-১২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। ডাক বিভ্রাট বা অন্য কোন কারণে নির্ধারিত তারিখের মধ্যে এন্ট্রি (খেলাধুলায় অংশগ্রহণ সংক্রান্ত কাগজপত্র) না পৌঁছালে, সেক্ষেত্রে এন্ট্রি সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না। কলেজ থেকে এন্ট্রি (খেলাধুলায় অংশগ্রহণ সংক্রান্ত কাগজপত্র) প্রেরণের সময় পত্রের সাথে সংযুক্ত ২০১৯-২০২০ বর্ষের খেলাধুলার জন্য প্রস্তুতকৃত প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম (নমুনা অনুযায়ী ফটোকপি করে) অংশগ্রহণকারী প্রতিযোগী/খেলোয়াড় (ছাত্র/ছাত্রীদের) দ্বারা পূরণপূর্বক স্বাক্ষর সম্পাদন করে এবং **ক্রীড়া নিবন্ধন ফরমের উপর নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে নিম্নস্বাক্ষরকারীর বরাবর কলেজ প্যাডে ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করতে হবে।** এছাড়া আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী নিজ কলেজের প্রতিযোগী/খেলোয়াড়দের/ছাত্র ও ছাত্রীদের অধ্যক্ষ কর্তৃক Online student list এর ফটোকপি সত্যায়িত করে খেলোয়াড় তালিকার সাথে প্রেরণ করতে হবে। ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত প্রতিযোগী/খেলোয়াড়দের /ছাত্র ও ছাত্রীদের Online transfer এর ফটোকপি ও সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর নতুন কলেজের ভর্তি রেজিষ্টারে উল্লেখিত অংশের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে ক্রীড়া নিবন্ধন ফরমের সাথে প্রেরণ করতে হবে। খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম বোর্ডে জমা হবার পর উক্ত নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ কর্তৃক সীল/স্বাক্ষর শেষে কলেজ কর্তৃপক্ষকে ফেরত দেয়া হবে। ২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ খেলাধুলার জন্য পত্রের সাথে সংযুক্ত প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমটিই ফটোকপি করে ব্যবহার করতে হবে। পূর্ববর্তী বছরের প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম ব্যবহার যাবে না।

১। <u>খেলাধুলায় অংশগ্রহণের যোগ্যতা</u> :

ক) একাদশ ও দ্বাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রী যারা **২০১৮ ও ২০১৯ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায়** উত্তীর্ণ হয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত কলেজসমূহে অধ্যয়ন করছে, কেবলমাত্র তারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

খ) আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় নিজ কলেজের খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপিসহ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল নিবন্ধন রসিদ ও অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং অংশগ্রহণকারী প্রতিযোগী/খেলোয়াড়দের/ছাত্র ও ছাত্রীদের অধ্যক্ষ কর্তৃক Online Student list এর সত্যায়িত ফটোকপি এবং ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত প্রতিযোগী/খেলোয়াড়দের/ছাত্র ও ছাত্রীদের Online Transfer এর ফটোকপি ও সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর নতুন কলেজের ভর্তি রেজিস্টারে উল্লেখিত অংশের সত্যায়িত ফটোকপি প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে হবে। পত্রে উল্লেখিত কোন কাগজপত্র প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে ব্যর্থ হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট খেলোয়াড় ২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী), ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। **যশোর শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীই কেবলমাত্র আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) ও ভলিবল ( ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।** প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় নিজ কলেজের খেলোয়াড়দের/ছাত্র ও ছাত্রীদের নিজ কলেজের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তত্ত্বাবধানে প্রেরণ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষক নিজ কলেজ দলের কোচ ও ম্যানেজারের দায়িত্ব পালন করবেন এবং আন্তঃকলেজ খেলাধুলার বিষয়ে পত্রে উল্লেখিত আর্থিক সুবিধাদি ব্যবস্থাপনার দায়িত্বপাপ্ত কলেজ হতে গ্রহণ ও নিজ কলেজ দলের প্রতিযোগী/খেলোয়াড়দের মধ্যে বিলিবন্টনসহ খেলেয়াড়দের বিষয়ে সার্বিক সকল দায়িত্ব পালন করবেন।

২। <u>খেলাধুলা/প্রতিযোগিতার বিষয়</u> :

**ক) <u>এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী)</u>:** এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতার প্রতিটি ইভেন্টে অংশগ্রহণের জন্য প্রতিটি কলেজ হতে একজন এ্যাথলেট/প্রতিযোগির নাম প্রেরণ করা যাবে। একজন এ্যাথলেট/প্রতিযোগী(ছাত্র ও ছাত্রী) তিনটির বেশী ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না। এ্যাথলেট/প্রতিযোগী কোন্ কোন্ ইভেন্টে অংশগ্রহণ করবে সেই ইভেন্টগুলির নাম প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমে অবশ্যই সুস্পষ্টভাবে লিখে দিতে হবে অন্যথায় এ্যাথলেটিকস প্রতিযোগিতার ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না। রীলে/যোগাযোগ দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য এ্যাথলেট/প্রতিযোগিদেরকে নির্ধারিত ইভেন্টের যে কোন একটিতে অবশ্যই অংশগ্রহণ করতে হবে অন্যথায় সংশ্লিষ্ট প্রতিযোগী/এ্যাথলেট রীলে/যোগাযোগ দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

**<u>এ্যাথলেটিকস্ (ছাত্র) ইভেন্ট সমূহ</u>:** (১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) ৮০০ মিটার দৌড় (৫) ১৫০০ মিটার দৌড় (৬) দীর্ঘ লাফ (৭) উচ্চ লাফ (৮) লাফ ধাপ ও ঝাপ (৯) চাকতি নিক্ষেপ (১০) গোলক নিক্ষেপ (১১) বর্শা নিক্ষেপ (১২) দন্ড যোগে উচ্চ লাফ (দন্ড প্রতিযোগীকে সংগে আনতে হবে) ১৩) ৪ x ২০০ মিটার যোগাযোগ দৌড়

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

**এ্যাথলেটিকস্ (ছাত্রী) ইভেন্ট সমূহ :** (১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) ৮০০ মিটার দৌড় (৫) উচ্চ লাফ (৬) দীর্ঘ লাফ (৭) চাকতি নিক্ষেপ (৮) বর্শা নিক্ষেপ (৯) গোলক নিক্ষেপ ১০) ৪ x ২০০ মিটার যোগাযোগ দৌড়

**খ) ভলিবল (ছাত্র ও ছাত্রী):** ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহনকারী প্রতিটি কলেজ দল ১৬ (ষোল) জন খেলোয়াড়ের জন্য প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম পূরণ করতে পারবে। এই ১৬ (ষোল) জন খেলোয়াড়ের মধ্য হতে ১২ (বারো) জন খেলোয়াড় সমন্বয়ে দল গঠন করতে হবে। সর্বোচ্চ ১২ (বারো) জন খেলোয়াড় আন্তঃকলেজ ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষে প্রতিযোগিতার ভেন্যুতে/মাঠে উপস্থিত থাকার জন্য পত্রে উল্লেখিত আর্থিক সুবিধা ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজ হতে গ্রহণ করতে পারবে। তবে প্রতিযোগিতার ভেন্যুতে/মাঠে অনুপস্থিত খেলোয়াড় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবে না।

৩। **আর্থিক সুযোগ সুবিধা (আঞ্চলিক ও চূড়ান্ত পর্বে):**
খেলার ফিকশ্চার অনুযায়ী নির্ধারিত তারিখে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারী কলেজের প্রতিজন প্রতিযোগী/খেলোয়াড়কে (ছাত্র ও ছাত্রীকে) দৈনিক ডি, এ বাবদ ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা হারে এবং শিক্ষক প্রতিনিধিকে ৩০০/- (তিনশত) টাকা হারে প্রদান করা হবে। এ ছাড়াও আন্তঃকলেজ খেলাধুলার ফিকশ্চার অনুযায়ী সংশ্লিষ্ট কলেজের নিজ দলের খেলার আগের দিন ও নিজ দলের খেলার/সর্বশেষ খেলার পরের দিন নির্ধারিত দৈনিক ডি, এ এর অর্ধেক খেলোয়াড় ও শিক্ষক প্রতিনিধিকে প্রদান করা হবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের খেলোয়াড় (ছাত্র ও ছাত্রী) ও শিক্ষক প্রতিনিধিকে নিয়মানুযায়ী (নিজ কলেজ থেকে ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজে যাওয়া এবং নিজ কলেজে ফেরত আসা বাবদ) প্রকৃত যাতায়াত ভাড়াও প্রদান করা হবে।

৪। **ব্যবস্থাপনার দায়িত্ব সংক্রান্ত :**
২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) ও ভলিবল(ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতার ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণেচ্ছুক কলেজের অধ্যক্ষকে নিজ কলেজের খেলার মাঠের পরিমাপ, অংশগ্রহণকারী কলেজের শিক্ষক প্রতিনিধি ও খেলোয়াড়দের নিজ কলেজ ভবনে আবাসন, খাবার পানি, সেনিটেশন, বিদ্যুৎ ব্যবস্থা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত তথ্য এবং খেলা চলাকালীন খেলার মাঠে ও প্রতিযোগী ও শিক্ষক প্রতিনিধিদের আবাসন স্থানে প্রয়োজনীয় আইন শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তার বিষয়টি স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে আগামী ০৫-১২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৫। **খেলার নাম ও এন্ট্রি(খেলাধুলায় অংশগ্রহণ সংক্রান্ত কাগজপত্র) এবং ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ সংক্রান্ত পত্র প্রেরণের তারিখ :**

| খেলাধুলা/প্রতিযোগিতার নাম | আন্তঃকলেজ খেলাধুলার এন্ট্রি জমার শেষ তারিখ | আন্তঃকলেজ খেলাধুলার ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ সংক্রান্ত পত্রের জমার শেষ তারিখ |
|---|---|---|
| আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী), ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতা | ০৫-১২-২০১৯ খ্রি: | ০৫-১২-২০১৯ খ্রি: |

আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) ও ভলিবল(ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় এন্ট্রি প্রদানকারী কলেজসমূহ আগামী ২২-১২-২০১৯ খ্রি. হতে ৩০-১২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিজ কলেজের খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি অধ্যক্ষ মহোদয়ের ক্ষমতাপত্র (Authorization) জমা দিয়ে বোর্ডের ক্রীড়া বিভাগ হতে গ্রহণ করা যাবে। খেলোয়াড় ক্রীড়া নিবন্ধন ফরমে প্রদত্ত তথ্য ভুল/কাটাকাটি অবস্থায় পাওয়া গেলে সেক্ষেত্রে ফরমটি বাতিল বলে গন্য হবে। বাতিলকৃত ক্রীড়া নিবন্ধন ফরমের উল্লেখিত প্রতিযোগী/খেলোয়াড় এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী) ও ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য, কোন কলেজ ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ হতে আন্তঃকলেজ খেলাধুলা শুরুর পূর্বে উক্ত তারিখের মধ্যে গ্রহণ না করলে সেক্ষেত্রে ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি ২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ খেলাধুলার ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজ থেকে সংগ্রহ করা যাবে।

২৩-১০-২০১৯

(আ. ফ. ম. আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৫৫১৭
মোবাঃ ০১৭৩৩-২২২০১৪

অধ্যক্ষ
যশোর শিক্ষা বোর্ডের আওতাভূক্ত স্বীকৃতি প্রাপ্ত সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ

স্মারক: ক্রীড়া/পিই-৯/৬৮(২য় খন্ড)/৪৯(৫৯৫)

তারিখ: ২৩-১০-২০১৯ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য
৩। সচিব মহোদয়ের ষ্টেনো, সচিব মহোদয়ের অবগতির জন্য
৪। সংশ্লিষ্ট নথি।

(আ. ফ. ম. আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

অফিস কপি

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী)/ ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতা

## প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম

(ফরমটি ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে)

ফরমে পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষের সত্যায়ন হবে

১। নাম ঃ ..................................................

২। পিতার নাম ঃ ..................................................

৩। কলেজের নাম ঃ ..................................................

৪। কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম

| | | | |
|---|---|---|---|
| একাদশ/দ্বাদশ | | | বিজ্ঞান /মানবিক/ ব্যবসায় শিক্ষা |

৫। মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাসের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড

| | | | |
|---|---|---|---|
| | | | |

৬। কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষা বর্ষ

| | | |
|---|---|---|
| | | |

৭। অংশগ্রহনেচ্ছুক খেলাধুলা/প্রতিযোগিতার নাম ঃ ..................................................................................

৮। খেলাধুলায় অংশগ্রহনকারী উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র ও ছাত্রীদের **Online Student ID** :.........................................

প্রতিযোগী/খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী। সে ভর্তি বাতিল করেনি অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয়নি।

| | | |
|---|---|---|
| শারীরিক শিক্ষা শিক্ষকের | অধ্যক্ষের স্বাক্ষর | ক্রীড়া অফিসার |
| স্বাক্ষর | ও | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড |
| মোবাইল: | সীল | যশোর |

বিঃদ্রঃ- ৮ নং ক্রমিকে উল্লেখিত খেলাধুলায় অংশগ্রহণকারী ছাত্র ও ছাত্রীদের **Online Student ID** নির্ভুলভাবে অবশ্যই পূরণ করতে হবে

কলেজ কপি

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ (ছাত্র ও ছাত্রী)/ ভলিবল (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতা

## প্রতিযোগিতা প্রতিযোগী/খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম

(ফরমটি ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে)

ফরমে পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষের সত্যায়ন হবে

১। নাম ঃ ..................................................

২। পিতার নাম ঃ ..................................................

৩। কলেজের নাম ঃ ..................................................

৪। কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম

| | | | |
|---|---|---|---|
| একাদশ/দ্বাদশ | | | বিজ্ঞান /মানবিক/ ব্যবসায় শিক্ষা |

৫। মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাসের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড

| | | | |
|---|---|---|---|
| | | | |

৬। কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষা বর্ষ

| | | |
|---|---|---|
| | | |

৭। অংশগ্রহনেচ্ছুক খেলাধুলা/প্রতিযোগিতার নাম ঃ ..................................................................................

৮। খেলাধুলায় অংশগ্রহনকারী উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র ও ছাত্রীদের **Online Student ID** :.........................................

প্রতিযোগী/খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী। সে ভর্তি বাতিল করেনি অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয়নি।

| | | |
|---|---|---|
| শারীরিক শিক্ষা শিক্ষকের | অধ্যক্ষের স্বাক্ষর | ক্রীড়া অফিসার |
| স্বাক্ষর | ও | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড |
| মোবাইল: | সীল | যশোর |

বিঃদ্রঃ- ৮ নং ক্রমিকে উল্লেখিত খেলাধুলায় অংশগ্রহণকারী ছাত্র ও ছাত্রীদের **Online Student ID** নির্ভুলভাবে অবশ্যই পূরণ করতে হবে